

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫০৪(আগরতলা, ০৭।০৩)

ধর্মনগর, ০৭ মার্চ, ২০১৯

ধর্মনগর জেলা হাসপাতালে বিনামূল্যে অঙ্কপচার শিবির অনুষ্ঠিত

সম্প্রতি ধর্মনগর জেলা হাসপাতালে আগরতলা সরকারি মেডিকেল কলেজ এবং ত্রিপুরা মেডিকেল কলেজের স্ত্রীরোগ বিশেষজ্ঞ দ্বারা বিনামূল্যে অঙ্কপচার শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির উদ্যোগে আয়োজিত এই শিবিরে জেলার বিভিন্ন প্রান্তের স্ত্রীরোগ সংক্রান্ত সমস্যায় আক্রান্ত ১৮ জন রোগীর বিনামূল্যে অপারেশন করা হয়। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. জগদীশ চন্দ্র নমঃ এই সংবাদ জানান। তিনি আরও জানান উত্তর জেলার এই প্রথম এধরনের শিবির হল।

\*\*\*\*\*